

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রকল্প শাখা

নং-১৯.০০.০০০০.১১৬.০৭.১৫৪.১৭-২৮৮

৩১ অক্টোবর ২০১৯

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা।


বিষয়ঃ লিসবন ও রোম-এ অবস্থিত বাংলাদেশ মিশনের জন্য ভবন ক্রয়ের নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় প্রাইস নেগোসিয়েশন কমিটির সদস্য জনাব মোঃ শাহজাহান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-এর অনুকূলে পর্তুগাল ও ইতালি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন

পর্তুগালের লিসবনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের চ্যাপারি হিসেবে ব্যবহারের জন্য ভবন ও রাষ্ট্রদূতের বাসভবন এবং ইতালির রোম-এ নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের বাসভবন ক্রয়ের নিমিত্ত সংক্ষিপ্ত তালিকাভুক্ত ভবনসমূহের মূল্য নির্ধারণের নিমিত্ত গঠিত আন্তঃমন্ত্রণালয় প্রাইস নেগোসিয়েশন কমিটির সদস্য হিসেবে জনাব মোঃ শাহজাহান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-এর অনুকূলে আগামী ৪-৬ নভেম্বর ২০১৯ (যাতায়াতকাল ব্যতিরেকে) অথবা নিকটবর্তী সময়ে লিসবন এবং আগামী ৮-১০ নভেম্বর ২০১৯ (যাতায়াতকাল ব্যতিরেকে) অথবা নিকটবর্তী সময়ে রোম সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। তিনি আগামী ৩ নভেম্বর ২০১৯ তারিখ অথবা নিকটবর্তী সময়ে লিসবন এবং সেখান থেকে ৭ নভেম্বর ২০১৯ তারিখ অথবা নিকটবর্তী সময়ে রোম-এর উদ্দেশে রওনা হবেন এবং দাপ্তরিক দায়িত্ব সম্পন্ন করে আগামী ১১ নভেম্বর ২০১৯ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

০৩। উক্ত সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড নং ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে বিকলনযোগ্য।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।



(মুহাম্মদ সানিউল কাদের)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭০৯২

sasproject@mofa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. জনাব মোঃ শাহজাহান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মহাপরিচালক (কনস্যুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. রাষ্ট্রাচার উপপ্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান নিরাপত্তা কর্মকর্তা/ ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৮. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সহকারী সচিব (তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. বাংলাদেশ দূতাবাস, লিসবন, পর্তুগাল।
১১. বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি।